রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগস্ট ২৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/২৩ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৭-আইন/২০১৬।—উপানুষ্ঠানিক শিক্ষা আইন, ২০১৪ (২০১৪ সনের ১৪ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠা করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হুমায়ুন খালিদ
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

http://www.dpp.gov.bd/upload_file/gazettes/20723_80974.p

রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৭ সনের ১২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৩, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৩১—১৪৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৬৭—৪০৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৯—৭০ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ১৭—২৭ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৭৭—২৯৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৯ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিবিধ প্রজ্ঞাপনসমূহ।

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]

অর্থ মন্ত্রণালয়

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৩ জানুয়ারি ২০১৭

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১৮.১৬-১০—আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ৯(১)(খ) এবং ৯(৪) ধারা অনুযায়ী জনাব মোঃ মানজুরুল আলম, সাবেক জেলা খাদ্য নিয়ন্ত্রক-কে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ০৫ জানুয়ারি ২০১৭

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২০.১৬-১৭—The Insurance Corporations Act, 1973 এর ৭(২) ও ৭(৩) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকারের অবসরপ্রাপ্ত সচিব শেলীনা আফরোজা, পিএইচডি-কে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১৯.১৫-১৮—The Insurance



2017 5:15 PM

(৩) বোর্ড কর্তৃক সংশোধিত ও অনুমোদিত নিয়োগবিধি, বেতন-স্কেল ও পদসংখ্যা অনুসরণপূর্বক জনবল নিয়োগ ও পদোন্নতি দিতে হবে।

(৪) সময়ে সময়ে বোর্ড ও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন ও অনুসরণ করতে হবে।

(৫) প্রতিষ্ঠানটি বোর্ড ও সরকার কর্তৃক স্বীকৃতি প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে সরকার/বোর্ড কর্তৃক প্রদত্ত কোন প্রকার বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবে না।

(৬) প্রাথমিক স্বীকৃতির ০৩ (তিন) বছর অন্তর্বর্তীকালীন স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে। কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠার নীতিমালা-২০০৪ ও সরকার/বোর্ড প্রদত্ত শর্তাবলী/নিয়মাবলী/নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা সরেজমিনে সময়ে সময়ে পরিদর্শন, বোর্ড বা সরকার কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে কলেজ ও হাসপাতাল স্বীকৃতি স্থায়ী করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদরুন নাহার**

সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৭.০৩২.০০৬.৬১.০১.০২৪.২০১৫-১২—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন, সংশোধিত-২০০২ ও ২০১৩ সনের ২৯ নং আইন ও ১নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে বিসিএস (প্রশাসন) কল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিঃ-কে উহার বিলুপ্তকৃত নির্বাচিত কমিটির মেয়াদ বিষয়ে উক্ত আইনের ধারা ১৮ এর উপধারা (৪) হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল ঃ

শর্তাবলী ঃ

(ক) বর্ণিত সমিতির ব্যবস্থাপনায় গত ২৬-০৪-২০১৩ তারিখে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি বহাল থাকিবে;

(খ) বিদ্যমান ব্যবস্থাপনা কমিটির মেয়াদ আগামী ৩১-১২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বহাল থাকিবে এবং উক্ত কমিটির কার্যকারিতা গত ২৬-০৪-২০১৬ খ্রিঃ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে; এবং

(গ) বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি বর্ধিত সময়ের মধ্যে নির্বাচন সম্পন্ন করে নূতন ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরীন আক্তার চৌধুরী**

যুগ্ম-সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/০৭ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৩৮.০০.০০০০.০০১.২২.০১১.১৫-৪১৬—উপানুষ্ঠানিক শিক্ষা আইন, ২০১৪ এর ধারা ১৬(১) অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে "উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড" (Non-Formal Education Board) গঠন করা হলো :

চেয়ারম্যান

১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (পদাধিকারবলে)

সদস্যবৃন্দ

২। যুগ্মসচিব (প্রশাসন) (পদাধিকারবলে)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৩। ড. সোয়াইব আহমেদ
অধ্যাপক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

৪। ড. মোঃ শফিকুল ইসলাম তালুকদার
পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৫। জনাব মোঃ দেলওয়ার হোসেন
পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৬। জনাব আ. ন. ম সালাহ উদ্দিন খাঁন
পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

৭। রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (পদাধিকারবলে)

৮। অধ্যক্ষ
জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

৯। জনাব জায়েদুল হক মোল্লা
অতিরিক্ত সচিব, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার

১০। জনাব ম, আব্দুস সামাদ
সাবেক যুগ্ম সচিব ও পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

১১। জনাব নাজমুল হক
অধ্যাপক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়

১২। জনাব জয়ন্ত অধিকারী
চেয়ারপারসন, এডাব, বেসরকারি সংগঠনসমূহের প্রতিনিধি

সদস্য-সচিব

১৩। সচিব, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড (সরকার কর্তৃক নির্দিষ্ট শর্তে নিযুক্ত হবে)।

২। (ক) উপানুষ্ঠানিক শিক্ষা আইন-এর ১৬ এর উপ-ধারা (১) এর দফা (ঞ) ও (ট) এর অর্থাৎ ৯-১২ এর অধীন মনোনীত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবে।

(খ) উপানুষ্ঠানিক শিক্ষা আইন-এর ১৬ এর উপ-ধারা (১) এ উল্লিখিত মনোনীত কোন সদস্য চেয়ারম্যান এর নিকট লিখিত স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদত্যাগ করিতে পারিবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরিন জাহান**

উপসচিব (প্রশাসন-১)।